



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১২২

তারিখ: ১১/০৯/২০২৩খ্রি:

**বিষয় : জুলাই-সেপ্টেম্বর ২০২৩ (তিন মাস) এর মাল্টিমিডিয়া শ্রেণি কার্যক্রমের তথ্য প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং মাঠ পর্যায়ের শ্রেণি শিক্ষকগণ কর্তৃক MMC app এর মাধ্যমে আপলোডকৃত ক্লাস এর ভিত্তিতে মাল্টিমিডিয়া শ্রেণি কার্যক্রমের মনিটরিং প্রতিবেদন নিয়মিতভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করে থাকে। কিন্তু MMC app এ যান্ত্রিক ত্রুটির কারণে মাউশি'র আওতাধীন মাঠ পর্যায়ের কোন শ্রেণি শিক্ষক তাদের গৃহীত এমএমসি ক্লাসসমূহ আপলোড দিতে পারছেন না। উল্লেখ্য যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক চাহিত এপিএ'র অন্যতম সূচক হলো মাঠ পর্যায় হতে প্রাপ্ত এমএমসি ক্লাস যা প্রতিবেদন আকারে ত্রৈমাসিক ভিত্তিতে মাউশি হতে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে।


এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) গণ তাঁদের নিজ নিজ অঞ্চলের সংশ্লিষ্ট উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের নিকট হতে সকল মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজের ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের গৃহীত এমএমসি ক্লাসের তথ্য সংগ্রহপূর্বক তা সার-সংক্ষেপ আকারে সংযুক্ত ছক মোতাবেক আগামী ২৮/০৯/২০২৩ তারিখের মধ্যে মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং এর ই-মেইল- [director.mew@gmail.com](mailto:director.mew@gmail.com) এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) ব্যতীত মাঠ পর্যায়ের অন্য কোন শিক্ষা কর্মকর্তা বা কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং বরাবরে ই-মেইলে আলাদাভাবে এ সংক্রান্ত কোন তথ্য প্রেরণের প্রয়োজন নেই।

**বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তি: ১. মাল্টিমিডিয়া শ্রেণি কার্যক্রম প্রেরণ সংক্রান্ত তথ্য ছক (জুলাই-সেপ্টেম্বর ২০২৩)।


**আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক)**  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

  
11.09.2023  
**প্রফেসর মো: আমির হোসেন**  
পরিচালক  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
তারিখ: ১১/০৯/২০২৩খ্রি:

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১২২

**সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/ মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর (পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা);
- ৫। উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা/ থানা);
- ৬। প্রধান শিক্ষক, সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
- ৭। পি.এ. টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৮। পি.এ. টু পরিচালক, মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৯। সংরক্ষণ নথি।

  
11.09.2023  
**মো: নজরুল ইসলাম**  
মনিটরিং অফিসার  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
মোবাইল নং- ০১৭১৬-৫৯৪৫২৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) এর কার্যালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
..... অঞ্চল।



মাণ্ডিমিডিয়া শ্রেণি কার্যক্রম প্রেরণ সংক্রান্ত তথ্য ছক (জুলাই-সেপ্টেম্বর ২০২৩)-

অঞ্চলের নাম					
আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) এর নাম					
ই-মেইল আইডি					
মুঠোফোন নম্বর					
জেলাভিত্তিক গৃহীত MMC ক্লাসের সংখ্যা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩)-					
ক্রম	জেলার নাম	জুলাই ২০২৩ মাসে গৃহীত MMC ক্লাস	আগস্ট ২০২৩ মাসে গৃহীত MMC ক্লাস	সেপ্টেম্বর ২০২৩ মাসে গৃহীত MMC ক্লাস	মোট (জুলাই-সেপ্টেম্বর ২০২৩)
১					
২					
৩					
৪					
৫					
৬					
৭					
৮					
৯					
১০					
মোট=					
সর্বমোট (৩ মাসে গৃহীত MMC ক্লাস)=					

আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক)  
স্বাক্ষর ও তারিখ (সিলসহ)